

সারাদেশ

যশোরে ইটবোঝাই ট্রলির সঙ্গে সংঘর্ষে মোটরসাইকেলের ২ আরোহী নিহত

প্রতিবেদক: জেলা প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



যশোরের শার্শা উপজেলায় ইটবোঝাই ট্রলির সঙ্গে সংঘর্ষে মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন আরেক আরোহী।

পুলিশ জানায়, আজ সোমবার সকাল ৯টার দিকে উপজেলার গোঙ্গা গ্রামের সালামের মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন যশোর কোতোয়ালি থানার সুজলপুর গ্রামের জাহাঙ্গীর ভাণ্ডারীর ছেলে নাহিদ হোসেন (৩০) এবং বেনাপোল পোর্ট থানার দৌলতপুর গ্রামের জামাত আলীর ছেলে উষা রহমান (২৮)।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, একটি মোটরসাইকেলে চড়ে তিনজন রুদ্রপুর সীমান্ত এলাকার দিকে যাচ্ছিলেন। পথে বিপরীত দিক থেকে আসা ইটবোঝাই একটি ট্রলির সঙ্গে তাদের মোটরসাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে নাহিদ ও উষা রহমান ঘটনাস্থলেই নিহত হন এবং মোটরসাইকেলের আরেক আরোহী দৌলতপুর গ্রামের রুবেল হোসেন (২৭) গুরুতর আহত হন।

স্থানীয়রা রুবেলকে উদ্ধার করে চিকিৎসার জন্য যশোর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।

শার্শা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীমুল হক বলেন, পুলিশ দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে। পালিয়ে যাওয়া ট্রলিচালককেও শনাক্ত করার চেষ্টা চলছে। ট্রলিটি জব্দ করা হয়েছে।

ময়নাতদন্তের জন্য মরদেহ দুটি যশোর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে বলে জানান ওসি।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/jshore-itbojhaitlir-sngge-sngghrshe-motrsaikeler-2-aro-hi-niht>